

উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক
The Largest Circulated Bengali Daily in North-East India

দৈনিক সংবাদ

আগরতলা • গুৱাহাটী • ২২ চৈত্র • ১৪২৪ বাংলা • ৬ এপ্রিল • ২০১৮ • মূল্য : পাঁচ টাকা

Dainik Sambad • 52nd Year • Issue : 154 • Friday • 6th April • 2018 • Price : Rs. 5.00 • ইন্টারনেট সংস্করণ : <http://www.dainiksambad.net>

Soon at your door step

NORTH EAST COLO

অরিজিৎ দাসের আরও ৩ রসায়ন সূত্রের স্বীকৃতি

আগরতলা

৫ এপ্রিল : গোটা বিশ্বে সাবেকি পদ্ধতির জায়গায় পরিবর্তন প্রায় প্রাত্যহিক হয়ে দাঁড়িয়েছে। সেই সূত্র ধরেই আগরতলা রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস যুগের সঙ্গে তাল মিলিয়ে দীর্ঘ সাতাশ বছরের এক পদ্ধতির পরিবর্তন এনেছেন। ডঃ দাসের নতুন এই পদ্ধতিতে রসায়নের পড়ুয়ারা নিঃসঙ্গ ইলেকট্রন যুগলের সাহায্যে হেটারোসাইক্লিক যৌগের সংকরায়ন অবস্থা এবং অ্যারোমেটিক / অ্যান্টি অ্যারোমেটিক বৈশিষ্ট্য সমূহ সহজেই নির্ণয় করতে পারবে। সুদীর্ঘ গবেষণার ফসল হিসাবে ডঃ দাসের গবেষণায় তিনটি নতুন সহজ শিক্ষাদান পদ্ধতি সহ তিনটি আধুনিক ফর্মুলা বৃধবার (৪ এপ্রিল, ২০১৮) মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক রসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল "World Journal of Chemical Education"-এ প্রকাশিত হয়। উল্লেখ্য, ১৯৩১ সালে Linus Pauling এবং Huckel প্রথম সংকরায়ন অবস্থা এবং অ্যারোমেটিক/ অ্যান্টি অ্যারোমেটিক বৈশিষ্ট্য সমূহ নির্ণয়ের পদ্ধতি প্রকাশ করেছিলেন। সেই সাবেকি পদ্ধতির পরিবর্তন করে আরও সহজ উপায়ে কম সময়ে এই বৈশিষ্ট্য সমূহ নির্ণয়ের নতুন পদ্ধতি আবিষ্কার করেন ডঃ দাস। নতুন এই সংযোজন নিয়ে রসায়নে বর্তমানে ডঃ দাসের উনিশটি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ উনচল্লিশটি আধুনিক ফর্মুলার সংযোজন হলো। যা বিজ্ঞানের পড়ুয়াদের স্বার্থে কঠিন রসায়নকে আরও সহজবোধ্য করে তুলবে। প্রসঙ্গত, আগস্ট ২০১৫ সালে আমেরিকার বিখ্যাত সফটওয়্যার প্রস্তুতকারক সংস্থা minerazzi.com ডঃ দাসের আবিষ্কৃত চৌদ্দটি ফর্মুলা নিয়ে হাইড্রোকার্বন পার্সার নামক টুল তৈরি করেছে। যা পরবর্তী সময়ে ২০১৭ সালে আমেরিকার নিউ ইয়র্ক সিটি কলেজের গ্রন্থাগারে সূচিবদ্ধ হয়েছে। আমেরিকার বিখ্যাত বিশ্ববিদ্যালয় ক্যালিফোর্নিয়া ডেভিসের গ্রন্থাগারে ২০১৫-১৬ সালে ডঃ দাসের আবিষ্কৃত সূত্রগুলি সূচিবদ্ধ হয়েছে। পাশাপাশি আগস্ট ২০১৫ সালে ইণ্ডিয়ান ক্যামিকেল সোসাইটি ডঃ দাসের আবিষ্কৃত সূত্রগুলিকে মান্যতা দিয়ে তাদের গবেষণাপত্রে প্রকাশ করেছে। উল্লেখ্য, ডঃ দাস ডিসেম্বর ২০১৩ সাল থেকে আমেরিকান ক্যামিকেল সোসাইটির একমাত্র আমন্ত্রিত সদস্য হিসাবে ত্রিপুরা থেকে কাজ করে যাচ্ছেন। ডঃ দাস তার প্রয়াত পিতা রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ অনিল রঞ্জন দাসের নামে নতুন আবিষ্কৃত এই সূত্র ও পদ্ধতিগুলিকে উৎসর্গ করেছেন।



TRIPURA HOUSING & CONSTRUCTION
 [Constituted under Tripura Act No. 2 of
 AGARTALA : TRIPURA

ন চুরি
 গালবাগান
 গন থেকে
 সহ অন্য
 রের দল।
 নের বেড়া
 শ করে।
 ন্যান্য দামী
 য যায়।
 য দোকান
 নর দরজা
 য়ে যায়।
 খবর দিলে
 নয়। তার
 রে। খবর
 ার নেই।
 রে স্বার্থে
 একজনের
 দ করে।

তা
 ঙ রোজ
 018), ৭৩
 র আশ্রমের
 ঙসব। উক্ত
 স্থিতি কামনা

য়ের আশ্রম
 আগরতলা।
 কোন চাঁদা

আগ
 এসে
 ঘটে
 রো
 জান
 কর
 সব
 এক
 দে
 পরি
 চো
 চো
 দর
 নে
 সু
 খে
 তা
 লা
 ডা
 মা
 না
 যা
 দু
 সা
 মি
 বা
 দি
 হা
 গ্রে
 রা
 উ
 ব্য
 রা
 পশ
 দে